ماجه)) (3683)



## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৩৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে যখন তার উম্মতের আমল পেশ করা হয়, তখন তাকে নগণ্য পাপের কাজগুলো দেখানো হয়, আবার বড় গোনাহের কাজগুলোও দেখানো হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصِيْطَفَى صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى فِي أَعْمَالِ أُمَّتِهِ حَيْثُ عُرضت عَلَيْهِ الْمُحَقَّرَات كَمَا رَأَى الْعَظَائِمَ مِنْهَا

## আরবী

1639 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ أَسْمَاءَ حَدَّثَنَا مَهْدِيُّ بْنُ مَيْمُونٍ حَدَّثَنَا وَاصِلٌ ـ مَوْلَى أَبِي عُيَيْنَةَ ـ عَنْ يَحْيَى بْنِ يَعْمُرَ عَنْ أَبِي الْأَسْوَدِ عَنْ أَبِي ذَرِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم: (عُرضت علي أعمال أَعْمَالُ أَمَّتِي حَسَنُهَا وَسَيِّئُهَا فَوَجَدْتُ فِي مصاوىء وَسَيِّئُهَا فَوَجَدْتُ فِي مصاوىء وَسَيِّئُهَا فَوَجَدْتُ فِي مَحَاسِنِ أَعْمَالِهَا إِمَاطَةَ الْأَذَى عَنِ الطَّرِيقِ وَوَجَدْتُ فِي مساوىء أَعْمَالِهَا النُّخَامَةَ تَكُونُ فِي الْمَسْجِدِ لَا تُدْفَنُ) الراوي: أَبُو ذَرِّ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1639 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح سنن ابن

## বাংলা

১৬৩৯. আবৃ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, " আমার কাছে আমার উন্মতের ভাল ও মন্দ আমলসমূহ উপস্থাপন করা হয়, আমি দেখতে পাই যে, রাস্তা থেকে কষ্টদায়ক জিনিস অপসারণ করা তাদের ভাল আমলের অন্তর্ভুক্ত আছে, আমি আরো দেখতে পাই যে, তাদের মন্দ আমলের মধ্যে ঐ থুথুও রয়েছে যা মাসজিদে ফেলা হয় অতঃপর তা পুতে ফেলা হয় না।"[1]

## ফটনোট



[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৯/২৯-৩০; ইবনু মাজাহ: ৩৬৮৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান ইবনু মাজাহ: ৩৬৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ যার আল-গিফারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন